গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.mofl.gov.bd

# সংস্থা প্রধানসহ এপ্রিল/২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ দেলোয়ার হোসেন<br>সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২১ এপ্রিল ২০২৬, বেলা ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভায় উপস্থিত সদস্যদের তালিকা | : | সংযুক্ত (পরিশিষ্ট-ক) |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩) গত ১৫ মার্চ, ২০২৬ তারিখ অনুষ্ঠিত মন্ত্রণালয়ের সংস্থা প্রধানসহ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন/পরিমার্জন/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

২। মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/এর সংস্থা প্রধানসহ গত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.১ | টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) ও দোহা প্রোগ্রাম অব এ্যাকশন (DPoA) | SDG বাস্তবায়ন সংক্রান্ত মাসিক ও ক্রমপুঞ্জিভুত প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/বিভাগে এবং DPoA কর্মপরিকল্পনার মাসিক ও ক্রমপুঞ্জিভুত প্রতিবেদন সাধারণ অর্থনীতি বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগে যথাসময়ে প্রেরণ করা হবে। এসডিজি সূচক ২.৫.২ এর তথ্য প্রদানের বিষয়ে জটিলতা নিরসনে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করা প্রয়োজন। উক্ত সূচকের তথ্য প্রদানের বিষয়টি স্পষ্টীকরণের লক্ষ্যে ইতোমধ্যে FAO এর সাথে যোগাযোগ করা হয়েছে। FAO হতে প্রত্যুত্তর পাওয়ার পর আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন করা হবে। | এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে প্রধানমন্ত্রীর দপ্তরসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/বিভাগে এবং DPoA কর্মপরিকল্পনার মাসিক ও ক্রমপুঞ্জিভুত প্রতিবেদন সাধারণ অর্থনীতি বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং এসডিজি সূচক ২.৫.২ এর তথ্য প্রদানের বিষয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধানগণ (প্রাণিসম্পদ অধিদপ্তর ও বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট ও উপসচিব (মৎস্য পরিকল্পনা-১) |
| ২.২ | সেবা পদ্ধতি সহজিকরণ | ইতঃপূর্বে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক দপ্তর/সংস্থায় যেসকল সেবা পদ্ধতি সহজিকরণ করা হয়েছে সেগুলোর কার্যক্রম চলমান রাখা প্রয়োজন। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর জানান, NOC প্রদানের সময়সীমা ঠিক করতে হলে বিদ্যমান আইন সংশোধন করা আবশ্যক। সভাপতি মহোদয় বিদ্যমান আইন সংশোধনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | আর্থিক বিধি-বিধান প্রতিপালনপূর্বক প্রত্যেক দপ্তর/অধিদপ্তরের সহজিকৃত সেবাসমূহ চলমান রাখা নিশ্চিত করতে হবে। মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তরের NOC প্রদানের সময়সীমা পুনঃনির্ধারণে বিদ্যমান আইন সংশোধনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক (মৎস্য অধিদপ্তর/ প্রাণিসম্পদ অধিদপ্তর) সিস্টেম এনালিস্ট |
| ২.৩ | ই-সেবা প্রবর্তন | ইতঃপূর্বে প্রবর্তিত ই-সেবাসমূহ নিয়মিত ব্যবহার এবং তা নিয়মিত হালনাগাদ করতে হবে। সেবা প্রত্যাশীদের সময়, শ্রম ও আর্থিক সাশ্রয়ের নিমিত্ত প্রয়োজনে নতুন নতুন ই-সেবা প্রবর্তন করতে হবে। দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত যেসকল ই-সেবা এবং মোবাইল অ্যাপস চালু নেই সেসকল ই-সেবা সচল করতে হবে।. | জনগুরুত্বপূর্ণ সেবাসমূহ প্রদানে সেবা গ্রহীতার সময়, শ্রম ও আর্থিক সাশ্রয়ের লক্ষ্যে ই-সেবা কার্যক্রম চলমান রাখতে হবে এবং নতুন নতুন ই-সেবা প্রবর্তন করতে হবে। দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত ই-সেবা এবং মোবাইল অ্যাপস | কর্মকর্তাবৃন্দ (মওপ্রা)/ দপ্তর/সংস্থা প্রধানগণ |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকির জন্য ই-মনিটরিং সিস্টেম (স্ব স্ব দপ্তর/সংস্থার পরিচালকের দপ্তর হতে বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে মনিটরিং এর জন্য) প্রবর্তনের বিষয়ে পুনরায় আলোচনা হয়। | পুনরায় চালু করে ব্যবহারযোগ্য করতে হবে। মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকির জন্য ই-মনিটরিং প্রবর্তনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | |
| ২.৪ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য কমিটি গঠন ও হালনাগাদের অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্য মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ নির্দেশনা মোতাবেক দপ্তর/সংস্থার বিভাগ/জেলা/উপজেলার ওয়েবসাইট যথাযথভাবে হালনাগাদপূর্বক এ সংক্রান্ত অগ্রগতি উপস্থাপন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। জেলা/উপজেলা পর্যায়ের তথ্যবাতায়নে কর্মকর্তা/কর্মচারীদের মোবাইল ও ই-মেইল আপলোডের বিষয়ে আলোচনা করা হয়। | দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য কমিটি গঠন ও হালনাগাদের অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ৫ তারিখের মধ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। দপ্তর/সংস্থার বিভাগ/জেলা/উপজেলার অফিসের ওয়েবসাইট মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ নির্দেশনা মোতাবেক যথাযথভাবে হালনাগাদ করতে হবে এবং জেলা/উপজেলার ওয়েবসাইটে কর্মকর্তা/কর্মচারীদের মোবাইল ও ই-মেইল আপলোড করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধানগণ/ সিস্টেম এনালিস্ট (মওপ্রা) |
| ২.৫ | ইনোভেশন | মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ নির্দেশনা অনুসারে সকল দপ্তর/সংস্থার ইনোভেশন টিম পুনর্গঠন করা হয়েছে এবং মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। সভায় মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় ইতঃপূর্বে বাস্তবায়িত কিছু ইনোভেশন সচল না থাকায় উদ্যোগসমূহ সচল করা ও ব্যবহার অব্যাহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | ইতঃপূর্বে বাস্তবায়িত ইনোভেশনসমূহ সচল রাখার ব্যবস্থা গ্রহণ ও তা ব্যবহার অব্যাহত রাখতে হবে। | সংস্থা প্রধান (সকল)/ সিস্টেম এনালিস্ট |
| ২.৬ | আইন/বিধিমালা/ নীতিমালা প্রণয়ন | (ক) The Private Fisheries Protection Act, 1889:<br>ভেটিংকৃত খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে প্রেরণ করা হয়েছে। দ্রুত এস.আর.ও. জারির জন্য আইন, বিচার ও সদয় বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>(খ) মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২৫:<br>(গ) "মৎস্য খাতে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২৫":<br>(ঘ) বাংলাদেশ ফিশারিজ কাউন্সিল আইন ২০২৬: | (ক) The Private Fisheries Protection Act, 1889:<br>দ্রুত এস.আর.ও. জারির জন্য আইন, বিচার ও সদয় বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>(খ) মৎস্য ও মৎস্যপণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২৫ এর উপর সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে জরুরি সভা আয়োজন করতে হবে।<br>(গ) "মৎস্য খাতে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২৫" এর খসড়া এর উপর সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে জরুরি সভা আয়োজন করতে হবে।<br>(ঘ) বাংলাদেশ ফিশারিজ কাউন্সিল অধ্যাদেশ, ২০২৫ এর খসড়া অধ্যাদেশের উপর সচিব, | অতিরিক্ত সচিব (মৎস্য)/ মহাপরিচালক (মৎস্য অধিদপ্তর)<br>অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ)/ মহাপরিচালক (প্রাণিসম্পদ) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | (ঙ) বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারী (চাকুরি প্রবিধানমালা ২০১৩) (সংশোধিত ২০১৬):<br><br>(চ) "বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৫:<br><br>(ছ)বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল বিধিমালা, ২০২৪ এর সংশোধন: | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে জরুরি সভা আয়োজন করতে হবে।<br>(ঙ) বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের প্রশাসনিক সকল বিষয়ে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে জরুরি সভা আয়োজন করতে হবে।<br>(চ) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে জরুরি সভা আয়োজন করতে হবে।<br>(ছ) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে জরুরি সভা আয়োজন করতে হবে। | |
| ২.৭ | অধিদপ্তর/দপ্তর/ সংস্থার অধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন সংক্রান্ত | সুনির্দিষ্ট বিষয়ের উপর গুরুত্বারোপ করে দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ বিশেষত প্রকল্প পরিচালকের মাধ্যমে পরিদর্শনের বিষয়ে আলোচনা করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত পরিদর্শন প্রতিবেদনের আলোকে প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। মাঠ পর্যায়ের অফিসসমূহের বকেয়া বিদ্যুৎ বিল ও ভূমি উন্নয়ন কর পরিশোধের বিষয়ে পুনরায় আলোচনা করা হয়। আগামী ৭ দিনের মধ্যে মৎস্য অধিদপ্তর এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের অনুকূলে মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের খামারের ২০% রিবেটের অর্থ পুনর্ভরণের জন্য নীতিমালা দ্রুত প্রণয়নের উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। সকল দপ্তর/সংস্থার দাখিলকৃত সম্পত্তির নামজারি ও ভূমিকর পরিশোধের হালনাগাদ তথ্য সংরক্ষণকরতঃ কর্তৃপক্ষকে অবহিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে সকল দপ্তর সংস্থায় পত্র প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। চিড়িয়াখানার বকেয়া পানির বিল পরিশোধের বিষয়ে সভায় আলোচনা করা হয়। ইউটিলিটি বিল পরিশোধের জন্য আলাদা অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করে বিল পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | (১) সুনির্দিষ্ট বিষয়ের উপর গুরুত্বারোপ করে দপ্তর/সংস্থার আওতাধীন অফিসসমূহ ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শনপূর্বক রিপোর্ট প্রদান অব্যাহত রাখতে হবে;<br>(২) দপ্তর/সংস্থার বিদ্যুৎ বিল, ভূমি উন্নয়ন কর এবং ইউটিলিটি বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডে পর্যাপ্ত অর্থ বরাদ্দ রাখতে হবে এবং আগামী ৭ দিনের মধ্যে মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের খামারের ২০% রিবেটের অর্থ পুনর্ভরণের জন্য নীতিমালা দ্রুত প্রণয়নে নীতিমালার খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>(৩) মাঠ পর্যায়ে দপ্তর/সংস্থার মালিকানাধীন সম্পত্তির নামজারি ও ভূমি উন্নয়ন কর পরিশোধের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(৪) দ্রুত ত্রিপক্ষীয় সভা পুনরায় আয়োজন করে চিড়িয়াখানার বকেয়া পানির বিলের বিষয়টি নিষ্পত্তি করতে হবে। | সংস্থা প্রধান (সকল) |
| ২.৮ | অডিট আপত্তি নিষ্পত্তি | সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ স্ব-স্ব প্রতিষ্ঠানের অডিট আপত্তির বিষয়ে সভায় বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। অধিদপ্তর/দপ্তর/সংস্থার বিদ্যমান অডিট আপত্তি নিষ্পত্তিতে নিয়মিত দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভা আয়োজন করতে হবে। | অধিদপ্তর/দপ্তর/সংস্থার বিদ্যমান অডিট আপত্তি নিষ্পত্তিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং অডিট কেস ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সংস্থাপ্রধান (সকল)/ উপসচিব (নিরীক্ষা) |
| ২.৯ | সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলা নিষ্পত্তি | চলমান মামলাগুলো শ্রেণিবিন্যাস করে অ্যানালোগাস হিয়ারিং এর জন্য সলিসিটর উইংয়ে একই ধরনের মামলাগুলোর জবাব একসাথে প্রেরণ করতে হবে। তাছাড়া স্মার্ট কেস ম্যানেজমেন্ট | (১) একই ধরনের মামলাগুলো শ্রেনিবিন্যাস করে অ্যানালোগাস হিয়ারিংয়ের জন্য একই সাথে যথাসময়ে সলিসিটর উইংয়ে | অনুবিভাগ প্রধান (সকল)/ দপ্তর/সংস্থা |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সিস্টেমে ১০০% মামলা এন্ট্রি নিশ্চিত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সংস্থা প্রধানগণকে অনুরোধ করেন। এ পর্যন্ত মোট এন্ট্রিকৃত মামলার তথ্য এবং পৃথকভাবে প্রতিমাসে এন্ট্রিকৃত মামলার হালনাগাদ তথ্য প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | জবাব প্রেরণ নিশ্চিত করতে হবে। (২) স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেমে ১০০% মামলা এন্ট্রি নিশ্চিতকরণ এবং প্রয়োজনীয়তার নিরিখে প্যানেল আইনজীবী নিয়োগ করতে হবে। | প্রধান (সকল) |
| ২.১০ | পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি | পেনশন কেইসসমূহের বিষয়ে সঠিক ও স্বয়ংসম্পূর্ণ তথ্য উপস্থাপন এবং দ্রুত নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। | পেনশন কেইসগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তিতে অবসরে গমনকৃত কর্মকর্তাদের পেনশন সংশ্লিষ্ট সকল প্রমাণক যাচাই-বাছাইঅন্তে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ ও কর্মকর্তাদের পিডিএস পর্যালোচনা করে অবসর গ্রহণের কমপক্ষে ১ (এক) মাস পূর্বে কর্মকর্তাকে অবহিত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ/ মৎস্য) সংস্থা প্রধান (সকল) |
| ২.১১ | ডি-নথি কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থা হতে প্রণয়নকৃত ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা অনুসরণ করে আবশ্যিকভাবে শতভাগ নথি ডি-নথিতে নিষ্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। প্রাণিসম্পদ অধিদপ্তরের ডি-নথিতে নিষ্পত্তির হার বাড়ানোর বিষয়ে আলোচনা করা হয়। | ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য তালিকা হতে শতভাগ নথির কার্যক্রম ডি-নথিতে সম্পন্ন করতে হবে। প্রাণিসম্পদ অধিদপ্তরের ডি-নথিতে নিষ্পত্তির হার বাড়াতে হবে। | সংস্থা প্রধান (সকল) |
| ২.১২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন | সভাপতি ২০২৫-২৬ অর্থবছরের জন্য অনুমোদিত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | অনুমোদিত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সংস্থা প্রধান (সকল) |
| ২.১৩ | অভিযোগ নিষ্পত্তি | সিটিজেন চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ বিধি মোতাবেক নিষ্পত্তি করে সংশ্লিষ্টদের অবহিতকরণসহ ওয়েবসাইটে আপলোড অব্যাহত রাখতে হবে। এ সংক্রান্ত হালনাগাদ তথ্য অনুবিভাগ প্রধান ও সচিব মহোদয়কে অবহিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। | সিটিজেন চার্টার সংশ্লিষ্ট অভিযোগসমূহ নিষ্পত্তি করতঃ সংশ্লিষ্টদের অবহিতকরণ এবং জিআরএস ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সংস্থা প্রধান (সকল)/ যুগ্মসচিব সংশ্লিষ্ট |
| ২.১৪ | অনিষ্পন্ন পত্র/বিষয় | অধিদপ্তর/দপ্তর/সংস্থার যেসকল পত্র এ মন্ত্রণালয়ে অনিষ্পন্ন রয়েছে তার হালনাগাদ তালিকা এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থার নিকট মন্ত্রণালয়ের অনিষ্পন্ন পত্রের তালিকা হালনাগাদ করতে হবে। মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করতে হবে। | মন্ত্রণালয় ও অধিদপ্তর/দপ্তর/ সংস্থার মধ্যে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করতে হবে। | অনুবিভাগ প্রধান(সকল)/ সংস্থা প্রধান (সকল) |
| ২.১৫ | নিয়োগ পদোন্নতি সংক্রান্ত | অধিদপ্তর/দপ্তর/সংস্থার শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম এবং পদোন্নতিযোগ্য কর্মকর্তাদের পদোন্নতি দ্রুত সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। মৎস্য অধিদপ্তর শূন্যপদে নিয়োগের ছাড়পত্র প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | অধিদপ্তর/দপ্তর/সংস্থার শূন্যপদের বিপরীতে নিয়োগ এবং পদোন্নতিযোগ্য কর্মকর্তাদের পদোন্নতি দ্রুত প্রদানের ব্যবস্থা করতে হবে। | অনুবিভাগ প্রধান (সকল)/ সংস্থা প্রধান (সকল) |
| ২.১৬ | সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন অগ্রগতি | ১১ মার্চ ২০২৬ তারিখে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জনগণ কর্তৃক নির্বাচিত বাংলাদেশ জাতীয়তাবাদী দলের নির্বাচনী ইশতেহার অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগভিত্তিক ১৮০ দিন, আগামী ২০২৬- | সরকারের নির্বাচনী ইশতেহার মোতাবেক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত প্রধানমন্ত্রীর কার্যালয় হতে চাহিত তথ্য | সংস্থা প্রধান (সকল) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ২৭ অর্থবছর এবং আগামী ৫ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন কৌশল প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে প্রতি ১৫ দিন অন্তর সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং এ বিষয়ে প্রতি ১৫ দিন অন্তর সভা আয়োজনের বিষয়ে আলোচনা করতে হবে। | |
| ২.১৭ | বিবিধ | (১) অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তাদের উচ্চশিক্ষার প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত "জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩" অনুসরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত বাছাই কমিটির সভায় মন্ত্রণালয়/দপ্তরের কর্মকর্তাদের বিদেশে সভা/প্রশিক্ষণে মনোনয়নের ক্ষেত্রে সমতা বজায় রাখার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(২) নবগঠিত বাংলাদেশ ডেইরি ডেভেলপমেন্ট বোর্ড এর প্রবিধানমালা প্রণয়নের কাজ চলমান রয়েছে। দ্রুত সময়ে মধ্যে খসড়া প্রবিধানমালা উপস্থাপন করা হবে।<br>(৩) মন্ত্রণালয়ের বিভিন্ন কক্ষের লাইট, ফ্যান, এসি বন্ধ অফিস শেষে কক্ষ ত্যাগের পূর্বে বন্ধ করা নিশ্চিত করতে হবে। যেসব কক্ষে ornamental light অথবা warm light রয়েছে, সেসব কক্ষে বর্ণিত লাইট পরিবর্তন করে এনার্জি সেভিং এলইডি প্রতিস্থাপন এবং সুইচ পরিবর্তনের জন্য রিকুইজিশন প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | (১) "জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩" মোতাবেক উচ্চশিক্ষায় প্রেষণে থাকাকালীন যথাসময়ে কোর্সের অগ্রগতি প্রতিবেদন ও কোর্স সমাপ্তি শেষে যথাসময়ে মন্ত্রণালয়ে যোগদান না করা কর্মকর্তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মন্ত্রণালয়/দপ্তরের কর্মকর্তাদের বিদেশে সভা/প্রশিক্ষণে মনোনয়নের ক্ষেত্রে সমতা বজায় রাখতে হবে।<br>(২) নবগঠিত বাংলাদেশ ডেইরি ডেভেলপমেন্ট বোর্ড এর প্রবিধানমালা প্রণয়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(৩) অফিস শেষে কক্ষ ত্যাগের পূর্বে স্ব স্ব কক্ষের বন্ধ করা নিশ্চিত করতে হবে। যেসব কক্ষে ornamental light অথবা warm light রয়েছে, সেসব কক্ষে এনার্জি সেভিং এলইডি প্রতিস্থাপনের জন্য রিকুইজিশন দিতে হবে। | দপ্তর/ সংস্থা প্রধানগণ (সকল) |

৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা/-
(৩০/০৪/২০২৬)
(মোঃ দেলোয়ার হোসেন)
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

স্মারক নংঃ৩৩.০০.০০০০.০০০.১০৯.০৬.০০১.২৫-৩৪৮

তারিখঃ ১৭ বৈশাখ ১৪৩৩
৩০ এপ্রিল ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, কাওরান বাজার, ঢাকা।
২। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৩। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেইট, ঢাকা।
৪। মহাপরিচালক (সাময়িক দায়িত্ব), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৫। মহাপরিচালক (সাময়িক দায়িত্ব), বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৬। উপপরিচালক (উপসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৭। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম।
৮। রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ঢাকা।

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)
১। অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫। উপসচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৬। চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৭। সিনিয়র সহকারী সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সহকারী সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
১২। অফিস কপি।

৩০/০৪/২০২৬

(মোঃ নবীরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
ই-মেইল: administration-3@mofl.gov.bd